

আয-যুমার | Az-Zumar | الزُّمَر

আয়াতঃ ৩৯ : ৩৬

আরবি মূল আয়াত:

أَلَيْسَ اللَّهُ بِكَافٍ عَبْدَهُ ؟ وَ يُخَوِّفُونَكَ بِالَّذِينَ مِنْ دُونِهِ ؟ وَ مَنْ يُضِلِّ
اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ﴿٣٦﴾

অনুবাদসমূহ:

আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? অথচ তারা তোমাকে আল্লাহর পরিবর্তে অন্যদের ভয় দেখায়। আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন, তার জন্য কোন হিদায়াতকারী নেই। — আল-বায়ান

আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? অথচ তোমাকে তারা আল্লাহর পরিবর্তে অন্যদের ভয় দেখায়। আল্লাহ যাকে পথহারা করেন তার জন্য কেউ পথ দেখাবার নেই। — তাইসিরুল

আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? অথচ তারা তোমাদেরকে আল্লাহর পরিবর্তে অপরের ভয় দেখায়। আল্লাহ যাকে বিভ্রান্ত করেন তার জন্য কোন পথ প্রদর্শক নেই। — মুজিবুর রহমান

Is not Allah sufficient for His Servant [Prophet Muhammad]? And [yet], they threaten you with those [they worship] other than Him. And whoever Allah leaves astray - for him there is no guide. — Sahih International

৩৬. আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন? অথচ তারা আপনাকে আল্লাহর পরিবর্তে অন্যের ভয় দেখায়। (১) আর আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন তার জন্য কোন হেদায়াতকারী নেই।

(১) অর্থাৎ তারা আপনাকে তাদের উপাস্য মা'বুদদের ভয় দেখায়। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

(৩৬) আল্লাহ কি তাঁর দাসের জন্য যথেষ্ট নন?[1] অথচ তারা তোমাকে আল্লাহর পরিবর্তে অপরের ভয় দেখায়। আল্লাহ যাকে বিভ্রান্ত করেন, তার জন্য কোন পথপ্রদর্শক নেই। [2]

[1] এখানে 'দাস' বলতে নবী করীম (সাঃ)-কে বুঝানো হয়েছে। কারো কারো নিকট এটা সাধারণ। সমস্ত নবী এবং প্রত্যেক মু'মিন এতে शामिल। অর্থ হল, তোমাকে গায়রুল্লাহর ভয় দেখানো হয়, কিন্তু আল্লাহ যখন তোমার সমর্থক ও সাহায্যকারী, তখন তোমার কেউ কিছুই করতে পারবে না। তোমার পক্ষ হতে তাদের মোকাবেলার জন্য তিনিই যথেষ্ট।

[2] যে এই ভ্রষ্টতা থেকে বের করে হিদায়াতের রাস্তা ধরিয়ে দেবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4094>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন